ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৭৪৯</u>
আগরতলা, ৫ সেপ্টেম্বর, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'প্রচারের স্বার্থে রোগের ছবি ও স্পর্শকাতর তথ্য প্রেস রিলিজে', এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় ৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে ঊনকোটি জেলা হাসপাতালে যে রোগীর জীবন বাঁচানো হয়েছে সে ক্ষেত্রে তার নাম প্রেস রিলিজে প্রদান করা হয়নি। ৩০ আগষ্ট তাকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। ৩০ আগস্ট আন্দরছড়া গ্রামের বাসিন্দা ওই রোগিনী লিখিতভাবে ঊনকোটি জেলা হাসপাতালের যে সমস্ত চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীরা তার জীবন বাঁচিয়েছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। তিনি লিখিতভাবে এও জানিয়েছেন যে এই সংবাদটি দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত হলে এবং তার ছবি প্রকাশিত হলে তার কোনও আপত্তি নেই। চোখের ছানি অস্ত্রোপচারের যে ছবি প্রকাশিত হয়েছে তাতে কোন রোগীর চেহারা দেখানো হয়নি এবং কর্তৃপক্ষের অনুমতি অনুসারেই সেই ছবি তোলা হয়েছিল।

*****